গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮



মুদ্রণ তারিখ: শনিবার, জুলাই ০১, ২০১৭

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৩

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৫

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ ও ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে রুপান্তরের জন্য সরকার রূপকল্প-২০২১ ও রূপকল্প-২০৪১ বাস্তবায়ন করছে। রূপকল্প বাস্তবায়নের অন্যতম উপকরণ হল প্রাথমিক জ্বালানির সরবরাহ নিশ্চিতকরণ। এর অংশ হিসেবে সাম্প্রতিক সময়ে পেট্রোবাংলার আওতায় (দেশী ও বিদেশী উদ্যোগে) ৫টি অনুসন্ধান কূপ খনন, ৩২টি উন্নয়ন ও ওয়ার্কওভার কূপ খনন এবং ১টি গ্যাস ক্ষেত্র (রূপগঞ্জ) আবিষ্কৃত হয়েছে। ১টি খনন রিগ ও ৩টি প্রসেস প্লান্ট সংগ্রহ করা হয়েছে। এছাড়া ১০৮৩৩ লাইন কি.মি. দ্বিমাত্রিক এবং ১২৭৫ বর্গ কি.মি. ত্রিমাত্রিক জরিপ সম্পন্ন করা হয়েছে। ২০১২ সালের জুলাই মাসে গ্যাস সরবরাহ ২,২৩০ এমএমসিএফডি ছিল, যা বর্তমানে বৃদ্ধি পেয়ে ২,৭৪০ এমএমসিএফডিতে উন্নীত হয়েছে। বড়পুকুরিয়া কয়লা খনির বর্তমান দৈনিক গড় উৎপাদনের পরিমাণ প্রায় ৪০০০ মেট্রিক টন। গত তিন বছরে দেশে মোট ৩৫.৭৩ লক্ষ মেঃ টন অপরিশোধিত এবং ১,১৯.৪২ লক্ষ মেঃ টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়েছে। এসময়ে মোট ২.০৫ লক্ষ মেঃ টন ন্যাফথা রপ্তানি করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

দেশে বর্তমানে দৈনিক কমবেশী ৩,৫০০ এমএমসিএফ গ্যাসের চাহিদা রয়েছে। এর বিপরীতে বর্তমানে গড়ে দৈনিক ২,৭৪০ এমএমসিএফ উৎপাদন করা সম্ভব হচ্ছে। ফলে চাহিদার বিপরীতে দৈনিক প্রায় ৮০০ এমএমসিএফ গ্যাসের ঘাটতি রয়েছে। বর্তমানে অবশিষ্ট গ্যাসের মজুদের পরিমাণ প্রায় ১২.৭৪ টিসিএফ। এ মজুদ দ্বারা এখনই চাহিদা পূরণ করা যাচ্ছে না। আগামী ২ বছরের মধ্যে বর্তমান মজুদ হতে গ্যাস উৎপাদনের হার সর্বোচ্চ মাত্রায় পৌঁছাবে। পরবর্তীতে বর্তমানে মজুদ হতে গ্যাস উৎপাদনের হার দ্রুত হ্রাস পেতে থাকবে। সুতরাং উৎপাদন বৃদ্ধি ও নতুন গ্যাস মজুদ আবিষ্কার এই মুহূর্তে গ্যাস সেক্টরের জন্য বড় চ্যালেঞ্জ। উল্লেখ্য কিছু কিছু ফিল্ডে উৎপাদন হ্রাস পেলেও কিছু কিছু ফিল্ডে আগামীতে উৎপাদন বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

গ্যাসের ভবিষ্যত চাহিদা মেটানোর লক্ষ্যে ভূ-তাত্ত্বিক জরিপ ৫৭০ লাইন কি.মি., দ্বিমাত্রিক জরিপ ১২,৮০০ লাইন কি.মি. এবং ত্রিমাত্রিক জরিপ ২৮৪০ বর্গ কি.মি. সম্পন্ন করা হবে। গ্যাসের মজুদ বৃদ্ধির জন্য অনুসন্ধান কার্যক্রম অব্যাহত আছে। বাপেক্স কর্তৃক ২০২১ সালের মধ্যে মোট ১০৮টি কূপ খনন (৫৩টি অনুসন্ধান কূপ, ৩৫টি উন্নয়ন কূপ এবং ২০টি ওয়ার্কওভার কূপ) খনন করার পরিকল্পনা রয়েছে। এ সকল কূপ হতে আনুমানিক দৈনিক ৯৪৩-১১০৫ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন হবে বলে আশা করা যায়। এলএনজি আমদানির মাধ্যমে ২০১৮ সালের মধ্যে দৈনিক ১০০০ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করা সম্ভব হবে। এছাড়া, কক্সবাজারের মহেশখালীতে ও পটুয়াখালীর পায়রায় প্রতিটি দৈনিক ১০০০ মিলিয়ন ঘনফুট ক্ষমতাসম্পন্ন ২টি Land Based এলএনজি টার্মিনাল স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। দেশী বিদেশী বিভিন্ন উৎস হতে প্রাপ্ত কয়লার মাধ্যমে কয়লা ভিত্তিক পাওয়ার প্লান্ট হতে উৎপাদনের পরিকল্পনা রয়েছে। ভারতের নুমালিগড় থেকে পাইপ লাইনের মাধ্যমে তেল আমদানি করা হবে। গ্যাসের অপচয় ও সিস্টেম লস রোধ, ব্যবস্থাপনা ও জ্বালানি ব্যবহার দক্ষতা বৃদ্ধির লক্ষে সকল আবাসিক গ্যাস গ্রাহকের আঙ্গিনায় প্রি-পেইড গ্যাস মিটার স্থাপন করা হবে।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- দ্বিমাত্রিক জরিপ-৩০০০ লাইন কি. মি. ত্রিমাত্রিক জরিপ-৫০০ বর্গ কি. মি.;
- অনুসন্ধান কূপ খনন-৪টি, উন্নয়ন কূপ-১টি এবং ওয়ার্কওভার কূপ খনন-৫টি;
- মোট গ্যাস উৎপাদন-৯০৫ বিসিএফ ও কনডেনসেট উৎপাদন-৭০০ মিলিয়ন লিটার;
- ৪০ কি.মি. গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ কাজ সম্পন্নকরণ এবং
- কয়লা উৎপাদন লক্ষ্যমাত্রা ০.৮০ মিলিয়ন মেট্রিক টন।
- ৪২ লক্ষ মেঃ টন পরিশোধিত ও ১২ লক্ষ মেঃ টন অপরিশোধিত তেল আমদানি করা হবে।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৭ সালের জুলাই মাসের ০৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সকলের জন্য সাশ্রয়ীমূল্যে প্রাথমিক জ্বালানি সরবরাহ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

জ্বালানি ও খনিজ সম্পদ-এর বিভিন্ন উৎস অনুসন্ধান, উত্তোলন, আহরণ, আমদানি, বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশের জ্বালানি নিরাপত্তা অর্জন।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. তেল/গ্যাস উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ;
২. জ্বালানির পর্যাপ্ত সরবরাহ নিশ্চিতকরণ;
৩. তেল/গ্যাস অনুসন্ধানের লক্ষ্যে সার্ভে ও অনুসন্ধান কূপ খনন কাজ জোরদারকরণ;
৪. মানব সম্পদ উন্নয়ন।
৫. খনিজ পদার্থের অনুসন্ধান ও আহরণ জোরদারকরণ:
৬. জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণ;
৭. জ্বালানির সঞ্চালন ব্যবস্থা শক্তিশালিকরণ;

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

### ১.৪ কার্যাবলি (Functions)

১. তেল, প্রাকৃতিক গ্যাস, তরল পেট্রোলিয়াম পদার্থ ও খনিজ সম্পদ বিষয়ক আইন ও বিধি প্রণয়ন;
২. পেট্রোলিয়াম, জ্বালানি, গ্যাস ও তেজস্ক্রিয় খনিজ ব্যতীত অন্যান্য খনিজ পদার্থ নিয়ন্ত্রণ ও উন্নয়নমূলক সাধারণ নীতিমালা প্রণয়ন;
৩. বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ অধ্যাদেশ-১৯৮৬ এবং বাংলাদেশ পেট্রোলিয়াম অধ্যাদেশ-১৯৭৪ এর আওতায় সরকার কর্তৃক নির্ধারিত কার্যাবলি;
৪. পেট্রোবাংলার সঙ্গে একীভূত বাংলাদেশ খনিজ অনুসন্ধান ও উন্নয়ন কর্পোরেশন আদেশ ১৯৭২ এ উল্লিখিত বিষয়াবলির আওতায় সরকার কর্তৃক নির্ধারিত কার্যাবলি;
৫. ভূতাত্ত্বিক জরিপ এর সাথে সম্পৃক্ত নীতি, পরিকল্পনা ও কর্মসূচি প্রণয়ন এবং ব্যবস্থাপনা;
৬. বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, বিস্ফোরক পরিদপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিটিউট, পেট্রোবাংলা, হাইড্রোকার্বন ইউনিট এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের প্রশাসন ও নিয়ন্ত্রণ;
৭. আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের সঙ্গে লিয়াঁজো এবং চুক্তি সম্পাদন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | |
| মাথাপিছু প্রাথমিক জ্বালানির ব্যবহার | মাথাপিছু জ্বালানি ব্যবহার | কেজিওই | ২৭০ | ২৮৫ | ২৯৭ | ৩১০ | ৩৩০ | ভূমি মন্ত্রণালয়, আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, পরিবেশ ও বন মন্ত্রণালয়, এনবিআর | হাইড্রোকার্বন ইউনিটের রিপোর্ট |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] তেল/গ্যাস উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ; | ২৮ | [১.১] তেল/গ্যাসের উন্নয়ন ও ওয়ার্কওভার কূপ খনন | [১.১.১] খননকৃত কূপ | সংখ্যা | ৭.০০ | ৮ | ১০ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৯ | ৮ |
| | | [১.২] গ্যাস উৎপাদন | [১.২.১] উৎপাদিত গ্যাস (বিদেশী) | বিসিএফ | ৭.০০ | ৫৬৯ | ৫২৫ | ৫২০ | ৫১৫ | ৫১০ | ৫০০ | ৪৯০ | ৫১৫ | ৫০০ |
| | | | [১.২.২] উৎপাদিত গ্যাস (দেশী) | বিসিএফ | ৭.০০ | ৩৯৮ | ৩৮৯ | ৩৮৫ | ৩৭৫ | ৩৬৫ | ৩৫৫ | ৩৫০ | ৩৮০ | ৩৭৫ |
| | | [১.৩] পেট্রোলিয়াম প্রোডাক্টস্ এর উৎপাদন | [১.৩.১] উৎপাদিত পেট্রোলিয়াম প্রোডাক্টস | মিঃ লিঃ | ৭.০০ | ৭৩৯ | ৬৯০ | ৬৮৫ | ৬৮০ | ৬৬০ | ৬৪০ | ৬৩৫ | ৬৮০ | ৬৭০ |
| [২] জ্বালানির পর্যাপ্ত সরবরাহ নিশ্চিতকরণ; | ২১ | [২.১] কয়লা আহরণ ও মজুদ বৃদ্ধি | [২.১.১] আহরিত কয়লা | মিঃ মেঃ টন | ৫.০০ | ১.১০ | ০.৮০ | ০.৭৫ | ০.৭০ | ০.৬৬ | ০.৬২ | ০.৬০ | ০.৭৩ | ০.৭৪ |
| | | [২.২] পরিশোধিত তেল আমদানিকরণ | [২.২.১] আমদানিকৃত পরিশোধিত তেল | লক্ষ মেঃ টন | ৪.০০ | ৪৫.০০ | ৪৩.৫০ | ৪২ | ৩৭ | ৩৪ | ৩০ | ২৮ | ৪৪ | ৪৪ |
| | | [২.৩] অপরিশোধিত তেল আমদানিকরণ | [২.৩.১] আমদানিকৃত অপরিশোধিত তেল | লক্ষ মেঃ টন | ৮.০০ | ১১.৫০ | ১১.৫০ | ১২.০০ | ১১.৭৫ | ১১.৫০ | ১১.২৫ | ১১.১৫ | ১৩ | ১৩ |
| | | [২.৪] তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ | [২.৪.১] মজুদ ক্ষমতা বৃদ্ধি | লক্ষ মেঃ টন | ৪.০০ | ১২.১৩ | ১২.২৫ | ১২.৪০ | ১২.৩৮ | ১২.৩৬ | ১২.৩৪ | ১২.৩২ | ১২.৪৫ | ১২.৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] তেল/গ্যাস অনুসন্ধানের লক্ষ্যে সার্ভে ও অনুসন্ধান কূপ খনন কাজ জোরদারকরণ; | ১৪ | [৩.১] জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান | [৩.১.১] অনুসন্ধানকৃত জ্বালানি উৎস | সংখ্যা | ৪.০০ | ১ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | ১ | ৬ | ৫ |
| | | [৩.২] ২ডি সিসমিক জরিপ সম্পাদন | [৩.২.১] জরিপকৃত | লক্ষ কিঃমিঃ | ৫.০০ | ৪০৫৬ | ৩৫৩৯ | ৩০০০ | ২৮০০ | ২৪০০ | ২২০০ | ২০০০ | ২০০০ | ২২০০ |
| | | [৩.৩] ৩ডি সিসমিক জরিপ সম্পাদন | [৩.৩.১] জরিপকৃত | বঃ কিঃমিঃ | ৫.০০ | ৫১০ | ৫০০ | ৫০০ | ৪৭৫ | ৪৫০ | ৪২৫ | ৪০০ | ৫৫০ | ৬০০ |
| [৪] মানব সম্পদ উন্নয়ন। | ৫ | [৪.১] প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] সম্পাদিত প্রশিক্ষণ | সংখ্যা | ৫.০০ | ২০০০ | ৬১২২ | ৩০০০ | ২৮০০ | ২৬০০ | ২৫০০ | ২৩০০ | ৩১০০ | ৩২০০ |
| [৫] জ্বালানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণ; | ৪ | [৫.১] প্রি-পেইড /ইভিসিযুক্ত মিটার স্থাপন | [৫.১.১] স্থাপনকৃত প্রিপেইড মিটার | সংখ্যা | ২.০০ | ২৩৫ | ১০০০০ | ৪০০০০ | ৩৫০০০ | ৩০০০০ | ২৭০০০ | ২৪০০০ | ৫০০০০ | ৪০০০০ |
| | | [৫.২] পেট্রোলিয়াম লাইসেন্স মঞ্জুর | [৫.২.১] মঞ্জুরকৃত লাইসেন্স | সংখ্যা | ২.০০ | ১৯৬২ | ১৬৭০ | ১৬৫০ | ১৫০০ | ১৪০০ | ১৩৫০ | ১৩০০ | ১৬৬০ | ১৬৭০ |
| [৬] জ্বালানির সঞ্চালন ব্যবস্থা শক্তিশালিকরণ; | ৪ | [৬.১] গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ | [৬.১.১] সম্প্রসারণকৃত সঞ্চালনলাইন | কিঃ মিঃ | ৪.০০ | ৯২ | ২১ | ৪০ | ৩৫ | ৩২ | ২৮ | ২৫ | ১০০ | ২৫ |
| [৭] খনিজ পদার্থের অনুসন্ধান ও আহরণ জোরদারকরণ: | ৪ | [৭.১] ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন | [৭.১.১] সম্পাদিত মানচিত্রায়ন এলাকা | সংখ্যা | ৩.০০ | ৩৭৫০ | ৩৮০০ | ২৫০০ | ২২৫০ | ২০০০ | ১৮৫০ | ১৭৫০ | ২২০০ | ২৩০০ |
| | | [৭.২] কোয়ারি রয়্যালটি আদায় | [৭.২.১] আদায়কৃত রয়্যালটি | কোটি টাকা | ১.০০ | ৪৮.৩০ | ৩০ | ২৫ | ২৩ | ২১ | ১৯ | ১৭ | ২৭ | ২৮ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | [১.২.১] ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে প্রণীত তালিকা অনুযায়ী কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা | [১.৩.১] ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৭ | ০৭-১২-২০১৭ | ১৪-১২-২০১৭ | ২১-১২-২০১৭ | ২৮-১২-২০১৭ | | |
| | | [১.৪] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | [১.৪.১] উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেস প্রস্তুতকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৭ | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | | |
| | | | [১.৪.২] উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | % | ১.০০ | | | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১০ | | |
| | | [১.৫] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [১.৫.১] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| | | [১.৬] মন্ত্রণালয়/বিভাগের প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৬.১] তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.৬.২] শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫০ | | | ১১-০১-২০১৮ | ১৮-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ২৫-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | | |
| | | [১.৭] সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | [১.৭.১] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-১২-২০১৭ | ১৫-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ০৮-০২-২০১৮ | ২২-০২-২০১৮ | | |
| | | [১.৮] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৮.১] নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ০.৫০ | | | ১২ | ১১ | | | | | |
| | | | [১.৮.২] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ০.৫০ | | | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | | |
| [২] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৪ | [২.১] ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [২.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ২৩-০৪-২০১৭ | ২৪-০৪-২০১৭ | ২৫-০৪-২০১৭ | ২৬-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | | |
| | | [২.২] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ০৮-০৮-২০১৭ | ১০-০৮-২০১৭ | ১৩-০৮-২০১৭ | ১৬-০৮-২০১৭ | ১৭-০৮-২০১৭ | | |
| | | [২.৩] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| | | [২.৪] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | ০১-০২-২০১৮ | ০৫-০২-২০১৮ | ০৬-০২-২০১৮ | | |
| | | [২.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [২.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-০৬-২০১৮ | ১৮-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২০-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | [৩.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.২] স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | [৩.৩.১] কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| [৪] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | [৪.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা | [৪.২.১] শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ১৩-০৭-২০১৭ | ৩১-০৭-২০১৭ | | | | | |
| | | [৪.৩] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করা | [৪.৩.১] ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৫.২] স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | [৫.২.১] স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | | |
| | | [৫.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| সচিব<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | 05-09-2017<br>তারিখ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | কিঃ মিঃ | কিলোমিটার |
| ২ | মিঃ মেঃ টন | মিলিয়ন মেট্রিক টন |
| ৩ | বিসিএফ | বিলিয়ন কিউবিক ফিট |
| ৪ | টিসিএফ | ট্রিলিয়ন কিউবিক ফিট |
| ৫ | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন |
| ৬ | লক্ষ মেঃ টন | লক্ষ মেট্রিক টন |
| ৭ | কেজিওই | কিলোগ্রাম তেল সমতুল্য |
| ৮ | আইওসি | ইন্টারন্যাশনাল ওয়েল কোম্পানি |
| ৯ | এলএনজি | লিকুইফাইড ন্যাচারেল গ্যাস |
| ১০ | এলপিজি | লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস |
| ১১ | এমএমসিএফ | মিলিয়ন কিউবিক ফুট |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] তেল/গ্যাসের উন্নয়ন ও ওয়ার্কওভার কূপ খনন | [১.১.১] খননকৃত কূপ | দেশের বিভিন্ন স্থানে বিভিন্ন উৎসের জ্বালানির জন্য অনুসন্ধান করা হয় | পেট্রোবাংলা | সংখ্যা, সরেজমিন পরিদর্শন | পেট্রোবাংলার বাৎসরিক প্রতিবেদন |
| [১.২] গ্যাস উৎপাদন | [১.২.১] উৎপাদিত গ্যাস (বিদেশী) | বিদেশী কোম্পানী কর্তৃক গ্যাস উৎপাদন করা হয় | পেট্রোবাংলা | বিসিএফ, এমআইএস ডাটা | পেট্রোবাংলার প্রতিবেদন |
| | [১.২.২] উৎপাদিত গ্যাস (দেশী) | দেশী কোম্পানী কর্তৃক গ্যাস উৎপাদন করা হয় | পেট্রোবাংলা | বিসিএফ, এমআইএস | পেট্রোবাংলার প্রতিবেদন |
| [১.৩] পেট্রোলিয়াম প্রোডাক্ট্স্ এর উৎপাদন | [১.৩.১] উৎপাদিত পেট্রোলিয়াম প্রোডাক্টস | প্রসেস প্লান্ট এর মাধ্যমে পেট্রোলিয়াম প্রোডাক্টস উৎপাদন করা হয় | পেট্রোবাংলা | মিঃ লিঃ , এমআইএস ডাটা | পেট্রোবাংলার প্রতিবেদন |
| [২.১] কয়লা আহরণ ও মজুদ বৃদ্ধি | [২.১.১] আহরিত কয়লা | কয়লা খনির মাধ্যমে কয়লা আহরিত হয় | পেট্রোবাংলা | মিঃ মেঃ টন, এমআইএস ডাটা | পেট্রোবাংলার প্রতিবেদন |
| [২.২] পরিশোধিত তেল আমদানিকরণ | [২.২.১] আমদানিকৃত পরিশোধিত তেল | বিদেশ থেকে তেল আমদানি করে সরাসরি দেশের বিভিন্ন এলাকায় সরবরাহ করা হয় | বিপিসি | লক্ষ শমঃ টন, এমআইএস ডাটা | বিপিসির বাৎসরিক প্রতিবেদন |
| [২.৩] অপরিশোধিত তেল আমদানিকরণ | [২.৩.১] আমদানিকৃত অপরিশোধিত তেল | বিদেশ থেকে অপরিশোধিত তেল আমদিনি করে দেশে পরিশোধন করে দেশের বিভিন্ন এরাকায় সরবরাহ করা হয় | বিপিসি | লক্ষ মেঃ টন | বিপিসির প্রতিবেদন |
| [২.৪] তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ | [২.৪.১] মজুদ ক্ষমতা বৃদ্ধি | জ্বালানি তেলের নিরাপত্তা নিশ্চিতের জন্য মজুদ ক্ষমতা বৃদ্ধি | বিপিসি | লক্ষ মেঃ টন | বিপিসির প্রতিবেদন |
| [৩.১] জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান | [৩.১.১] অনুসন্ধানকৃত জ্বালানি উৎস | দেশের বিভিন্ন জায়গায় জ্বালানির অনুসন্ধান করা হয় | পেট্রোবাংলা, জিএসবি | সংখ্যা | পেট্রোবাংলা, জিএসবি'র প্রতিবেদন |
| [৩.২] ২ডি সিসমিক জরিপ সম্পাদন | [৩.২.১] জরিপকৃত | দেশের বিভিন্ন জায়গায় জ্বালানির জন্য জরিপ করা হয় | পেট্রোবাংলা | লাঃ কিঃমিঃ | পেট্রোবাংলা'র প্রতিবেদন |
| [৩.৩] ৩ডি সিসমিক জরিপ সম্পাদন | [৩.৩.১] জরিপকৃত | দেশের বিভিন্ন জায়গায় জ্বালানির জন্য জরিপ করা হয় | পেট্রোবাংলা | বিঃকিঃমিঃ | পেট্রোবাংলা'র প্রতিবেদন |
| [৪.১] প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] সম্পাদিত প্রশিক্ষণ | কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ আয়োজন করা হয় | পেট্রোবাংলা, জিএসবি, বিপিসি | সংখ্যা | পেট্রোবাংলা, জিএসবি, বিপিসি'র প্রতিবেদন |
| [৫.১] প্রি-পেইড /ইভিসিযুক্ত মিটার স্থাপন | [৫.১.১] স্থাপনকৃত প্রিপেইড মিটার | গ্যাসের অপচয় রোধের জন্য মিটার স্থাপন করা হয় | পেট্রোবাংলা | সংখ্যা | পেট্রোবাংলা'র প্রতিবেদন |
| [৫.২] পেট্রোলিয়াম লাইসেন্স মঞ্জুর | [৫.২.১] মঞ্জুরকৃত লাইসেন্স | বিস্ফোরক পদার্থের নিরাপত্তার জন্য | বিস্ফোরক পরিদপ্তর | সংখ্যা | বিস্ফোরক পরিদপ্তরের প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৬.১] গ্যাস সঞ্চালন পাইপলাইন সম্প্রসারণ | [৬.১.১] সম্প্রসারণকৃত সঞ্চালনলাইন | গ্যাস সরবরাহের জন্য পাইপলাইন নির্মাণ করা হয় | পেট্রোবাংলা | কিঃমিঃ | পেট্রোবাংলা'র প্রতিবেদন |
| [৭.১] ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন | [৭.১.১] সম্পাদিত মানচিত্রায়ন এলাকা | দেশের বিভিন্ন জায়গায় ভূতাত্তিক ও ভূপ্রিকৃতিক মানচিত্রয়ন করা হয় | জিএসবি | কিঃমিঃ | জিএসবি'র প্রতিবেদন |
| [৭.২] কোয়ারি রয়্যালটি আদায় | [৭.২.১] আদায়কৃত রয়্যালটি | খনিজ পদার্থ লিজ প্রদানের মাধ্যমে রয়্যালটি আদায় করা হয় | বিএমডি | কোটি টাকা | বিএমডি'র প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় | সম্প্রসারণকৃত সঞ্চালনলাইন,অনুসন্ধানকৃত জ্বালানি উৎস,মজুদ ক্ষমতা বৃদ্ধি,খননকৃত কূপ | দ্রুত ভূমি অধিগ্রহণ সম্পাদন | ভূমি অধিগ্রহন সংক্রান্ত কার্যাদি এ মন্ত্রণালয়ের আওতাভুক্ত | কূপ খনন, স্টোরেজ ট্যাংক নির্মাণ ও সঞ্চালনলাইন নির্মাণে জটিলতা সৃষ্টি হবে। |
| মন্ত্রণালয় | নৌ-পরিবহন মন্ত্রণালয় | আমদানিকৃত অপরিশোধিত তেল,আমদানিকৃত পরিশোধিত তেল | জাহাজের মাধ্যমে তেল আমদানির জন্য সহযোগিতা | জাহাজের বিষয়টি নৌ-পরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন | যথাসময়ে তেল সরবরাহ করা যাবে না |
| মন্ত্রণালয় | পরিবেশ ও বন মন্ত্রণালয় | খননকৃত কূপ,অনুসন্ধানকৃত জ্বালানি উৎস | পরিবেশ সক্রান্ত ছাড়পত্র | পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র এ মন্ত্রণালয়ের আওতাধীন | কূপ খননে বিলম্ব হবে |